"ভক্তিকে কোন বাসনাপূরণের সহায়স্বরূপে গ্রহণ করতে পারা যায় না, কারণ ভক্তিই সমুদয় বাসনা-নিরোধের কারণস্বরূপ।"* নারদ ভক্তির নিম্নলিখিত লক্ষণ দিয়েছেন, "যখন সমুদয় চিন্তা, সমুদয় বাক্য ও সমুদয় ক্রিয়া তাঁর প্রতি অর্পিত হয় এবং ক্ষণকালের নিমিত্ত তাঁকে বিস্মৃত হলে হৃদয়ে পরম ব্যাকুলতা উপস্থিত হয়, তখনই যথার্থ ভক্তির উদয় হয়েছে বুঝতে হবে।"†

"পূর্ব্বোক্ত ভক্তিই প্রেমের সর্ব্বোচ্চ অবস্থা। কারণ অন্যান্য সাধারণ প্রেমে প্রেমিক প্রেমাস্পদের নিকট তার প্রেমের প্রতিদান আকাঙ্ক্ষা করে, কিন্তু ভক্ত এই প্রেমে কেবল তাঁর সুখে সুখী হয়ে থাকে।"‡

"প্রকৃত ভক্তিলাভ হলে যে সমুদয় ত্যাগ হয় বলা হয়েছে তার তাৎপর্য্য এই যে, সেই ব্যক্তির সমুদয় লৌকিক ও বৈদিক কর্ম্ম ত্যাগ হয়ে যায়।"

"যখন অন্য সব আশ্রয় ত্যাগ করে চিত্ত তাঁর প্রতি আসক্ত হয় এবং তাঁর বিরোধী সমুদয় বিষয়ে উদাসীন হয়, তখনই যথার্থ ভক্তিলাভ হয়েছে, বুঝতে হবে।"×

---

* ওঁ সা ন কাময়মানা নিরোধরূপাৎ।

—নারদভক্তিসূত্র, ২য় অনুবাক, ৭ম সূত্র

† ওঁ নারদস্তু তদর্পিতাখিলাচারতা তদ্বিস্মরণে পরমব্যাকুলতেতি।

—ঐ, ৩য় অনুবাক, ১৯শ সূত্র

‡ ওঁ নাস্ত্যেব তস্মিন্ তৎসুখসুখিত্বম্।—ঐ, ৩য় অনুবাক, ২৪শ সূত্র

× ওঁ নিরোধস্তু লোকবেদব্যাপারসন্ন্যাসঃ।

ওঁ তস্মিন্ অনন্যতা তদ্বিরোধিষু উদাসীনতা।

—নারদভক্তিসূত্র, ২য় অনুবাক, ৮ম ও ৯ম সূত্র

সকল কার্য্যে, সকল বস্তুতে তাঁকে দর্শন কর। অপরের সঙ্গে ঈশ্বর-কথার আলাপ কর। এতে আমাদের সাধনপথে খুব সাহায্য হয়ে থাকে।

ভগবানের অথবা তাঁর যোগ্যতম সন্তান যে-সব মহাপুরুষ তাঁদের কৃপালাভ কর।* এই দুটীই হচ্ছে ভগবানলাভের প্রধান উপায়।

এই সকল মহাপুরুষের সঙ্গলাভ হওয়া বড়ই কঠিন, পাঁচ মিনিট কাল তাঁদের সঙ্গলাভ করলে একটা সারা জীবন বদলে যায়।† আর যদি সত্যসত্য প্রাণে প্রাণে এই মহাপুরুষসঙ্গ চাও, তবে তোমার কোন-না-কোন মহাপুরুষের সঙ্গলাভ হবেই হবে।

এই ভক্তেরা যেখানে থাকেন সেই স্থান তীর্থস্বরূপ হয়ে যায়, তাঁরা যা বলেন তাই শাস্ত্রস্বরূপ, তাঁরা যে কোন কার্য্য করেন তাই সৎকর্ম্ম, এমনি তাঁদের মাহাত্ম্য।‡ তাঁরা যে স্থানে বাস করেছেন, সেই স্থান তাঁদের দেহনিঃসৃত পবিত্র শক্তিস্পন্দনে পূর্ণ হয়ে যায়; যারা সেথায় যায়, তারাই এই স্পন্দন অনুভব করে; তাইতে তাদেরও ভিতরে পবিত্রভাবের সঞ্চার হতে থাকে।

"এইরূপ ভক্তগণের ভিতর জাতি, বিদ্যা, রূপ, কুল, ধন প্রভৃতির ভেদ নাই। যে হেতু তারা তাঁর।"×

---

* ওঁ মুখ্যতস্তু মহৎকৃপয়ৈব ভগবৎকৃপালেশাদ্বা।

—নারদভক্তিসূত্র, ৫ম অনুবাক, ৩৮ সূত্র

† মহৎসঙ্গস্তু দুর্লভোঽগম্যোঽমোঘশ্চ।

—ঐ, ৫ম অনুবাক, ৩৯ সূত্র

‡ ওঁ তীর্থীকুর্ব্বন্তি তীর্থানি, সুকর্ম্মী কুর্ব্বন্তি কর্ম্মাণি, সচ্ছাস্ত্রী কুর্ব্বন্তি শাস্ত্রাণি।

ওঁ তন্ময়াঃ।—নারদভক্তি-সূত্র, ৯ম অনুবাক, ৬৯ ও ৭০ সূত্র

× ওঁ নাস্তি তেষু জাতিবিদ্যারূপকুলধনক্রিয়াদিভেদঃ।

ওঁ যতস্তদীয়াঃ। —ঐ, ৯ম অনুবাক, ৭২ ও ৭৩ সূত্র।

তাকে সেইখান থেকে ঠেলে এগিয়ে দাও ধর্ম্মশিক্ষা যেন ভাঙ্গাচোরার কাজে না থেকে গড়ার কাজ নিয়েই রাতদিন থাকে।

মানুষের প্রত্যেক প্রবৃত্তিই তাব অতীতের কর্ম্মসমষ্টির পরিচায়ক। এটা যেন সেই রেখা বা ব্যাসার্দ্ধ, যাকে অনুসরণ করে তাকে চলতে হবে। আবার সকল ব্যাসার্দ্ধ অবলম্বন কবেই কেন্দ্রে যাওয়া যায়। অপরের প্রবৃত্তি উল্‌টে দেবাব নামটি পর্য্যন্ত করো না, তাতে গুরু এবং শিষ্য উভয়েবই ক্ষতি হয়ে থাকে। যখন তুমি জ্ঞান শিক্ষা দিচ্ছো, তখন তোমাকে জ্ঞানী হতে হবে, আব শিষ্য যে অবস্থায় রয়েছে, তোমাকে মনে মনে ঠিক সেই অবস্থায় অবস্থিত হতে হবে। অন্যান্য যোগেও এইরূপ। প্রত্যেক বৃত্তিব এমন ভাবে বিকাশসাধন করতে হবে যে, যেন সেটি ছাড়া আমাদের অন্য কোন বৃত্তিই নেই—এই হচ্ছে তথাকথিত সামঞ্জস্যপূর্ণ উন্নতিসাধনের যথার্থ রহস্য অর্থাৎ গভীরতার সঙ্গে উদাবতা অর্জ্জন কর, কিন্তু সেটাকে হাবিয়ে নয়। আমরা অনন্তস্বরূপ—আমাদের মধ্যে কোন কিছুর ইতি করা যেতে পাবে না। সুতরাং আমরা সবচেয়ে নিষ্ঠাবান মুসলমানের মত গভীর, অথচ সবচেয়ে ঘোর নাস্তিকের মত উদার-ভাবাপন্ন হতে পারি। এটা কার্য্যে পরিণত করার উপায় হচ্ছে—মনকে কোন বিষয়বিশেষে প্রয়োগ করা নয়, আদত মনটারই বিকাশ করা ও তাকে সংযত করা। তা হলেই তুমি তাকে যে দিকে ইচ্ছা ফেরাতে পারবে। এইরূপে তোমার গভীরতা ও উদারতা দুই-ই লাভ হবে। জ্ঞানের উপলব্ধি এমনভাবে কর যে, জ্ঞান ছাড়া যেন আর কিছু নাই; তারপর ভক্তিযোগ, রাজযোগ, কর্ম্মযোগ নিয়েও ঐ ভাবে সাধন কর। তরঙ্গ ছেড়ে দিয়ে সমুদ্রের দিকে যাও,

